# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
## মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/১৫৪৩৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

নেয়ামতপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নতুন হাট, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২২-০৬-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে;

২. কলামনার ক্যাশবই নিয়মিত আপডেট করতে হবে এবং সকল আয়-ব্যয় যথাসময়ে সম্পন্ন করে অডিট কমিটির নিরীক্ষা শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;

৩. মাদরাসার অবকাঠামোগত অবস্থার উন্নতির বিষয়ে সভাপতি ও অধ্যক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং শিক্ষক মিলনায়তন কক্ষটি আরও সুন্দর ও সুশৃঙ্খল করতে হবে;

৪. ফাজিল ক্লাসের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ ছাত্রীদের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা করতে হবে;

৫. মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করে নতুন রেজিস্টারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্টার খোলা এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;

৬. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৯. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

১০. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

১১. প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড, প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;

১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পূনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৬/১১/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, নেয়ামতপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: নতুন হাট, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/১৫৪৩৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নেয়ামতপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নতুন হাট, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠী।
৭. অফিস নথি।

26.11.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫